

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

সাধারণ আদেশ

আদেশ নং-০৮/জারাবো/২০০২/শুল্ক/

তারিখঃ ০৪-০১-১৪০৯ বাংলা।
১৭-০৮-২০০২
ইংরেজী।

বিষয় : ব্যাংক গ্যারান্টি গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থাপনাকে আধুনিক করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। পণ্যের শ্রেণীবিন্যাস/বর্ণনা, মূল্য ইত্যাদি বিষয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণে অপারগতাজনিত কারণে সাময়িক শুল্কায়নের প্রেক্ষিতে আদালতে মামলাজনিত কারণে আদালতের নির্দেশের প্রেক্ষিতে এবং অন্যবিধি বিভিন্ন কারণে আমদানীকারকগণের নিকট হতে ব্যাংক গ্যারান্টি গ্রহণ করা হয়ে থাকে। কিন্তু যথাযথভাবে ব্যবস্থিত না হওয়ার কারণে উক্ত ব্যাংক গ্যারান্টিগুলো দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন অবস্থায় পড়ে থাকে।

০২। এভাবে ব্যাংক গ্যারান্টিগুলো পড়ে থাকার কারণে একদিকে যেমন সরকারের গুরুত্বপূর্ণ রাজস্ব দীর্ঘসময় ধরে আটকা পড়ে থাকে, অন্যদিকে আমদানীকারকগণ তাদের টাকা ব্যাংকে অলসভাবে ফেলে রাখতে বাধ্য হচ্ছেন। শুল্কায়ন ব্যবস্থাপনার আধুনিকায়নের অংশ হিসেবে পণ্য চালান দ্রুত চূড়ান্ত শুল্কায়ন ব্যবস্থা গড়ে তোলা এবং সে লক্ষ্যে ব্যাংক গ্যারান্টি দ্রুত ব্যবস্থিতকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০৩। এমতাবস্থায় ব্যাংক গ্যারান্টি গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থাপনাকে আধুনিক করে তোলার লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম জরুরী ভিত্তিতে গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছেঃ

- (ক) কোন চালান শুল্কায়নে জটিলতা বা অন্যবিধি কারণে যখন পার্থক্যজনিত শুল্ক ও করাদির বিপরীতে ব্যাংক গ্যারান্টি গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়, তখন উক্ত ব্যাংক গ্যারান্টি অবশ্যই নিঃশর্ত হতে হবে এবং কোন তফসীলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত হতে হবে।
- (ক) তবে বিজ্ঞ আদালতের নির্দেশের ক্ষেত্রে আদালতের আদেশে বর্ণিত শর্ত মোতাবেক ব্যাংক গ্যারান্টিটি গৃহীত হবে।
- (খ) উক্ত ব্যাংক গ্যারান্টিটি যথাসময়ে নগদায়নের জন্য ইস্যুকারী ব্যাংককে ব্যাংক গ্যারান্টি গ্রহণের তারিখেই দাবীনামা জারী করে রাখতে হবে এবং এর অনুলিপি আমদানীকারককে দিতে হবে।
- (গ) দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি যথাযথভাবে সংরক্ষণ এবং ব্যবস্থাপনার জন্য ব্যাংক গ্যারান্টি বিষয়ক প্রতিটি ফাইলের কভার এ লাল কালিতে “অনিষ্পন্ন ব্যাংক গ্যারান্টি” শব্দগুলি (বড় বড় হরফে) লিপিবদ্ধ করতে হবে। প্রতিটি গ্রুপ/সেকশন এর প্রত্যেক এ্যাপ্রাইজার/ইন্সপেকটরকে এতদিবিয়ে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করতে হবে। অর্থাৎ ব্যাংক গ্যারান্টি বিষয়ক নথিগুলো তাদের মধ্যে ভাগ করে দিয়ে উহা ব্যবস্থিতকরণের জন্য

সময়সীমা বেঁধে দিতে হবে। নির্ধারিত সময়ে কি পরিমাণ ব্যাংক গ্যারান্টি বিষয়ক নথি নিষ্পত্তি করতে পারলেন, তার ভিত্তিতে এ্যাপ্রাইজার/ইস্পেষ্টরগণের performance মূল্যায়ন করার লক্ষ্যে প্রতি মাসে তাদের নিকট হতে প্রতিবেদন নিতে হবে। প্রতিটি কাস্টম হাউস/কমিশনারেট উপরোক্ত কর্মপদ্ধতি বাস্তবায়ন করার লক্ষ্যে একটি অফিস আদেশ জারী করবেন।

- (ঘ) যে সকল ক্ষেত্রে শুল্কায়নে সৃষ্টি জটিলতার কারণে ব্যাংক গ্যারান্টি গৃহীত হবে, সেগুলোর বেলায় যথাসম্ভব দ্রুত উক্ত জটিলতা নিরসনের উদ্যোগ গ্রহণ করতে হবে। যেমন, শ্রেণীবিন্যাস, মূল্য বিষয়ক জটিলতা নিরসনে প্রয়োজন হলে ক্ষেত্রমতে এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ, জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা গ্রহণ, নমুনা পরীক্ষার প্রয়োজন হলে দ্রুত বিহিং ল্যাবে উহার প্রতিনিধিত্বমূলক পরীক্ষা করানো ইত্যাদির আশ্রয় গ্রহণ করতে হবে এবং পণ্যের চূড়ান্ত শুল্কায়ন করতে হবে।
- (ঙ) উক্তরূপে পণ্যের চূড়ান্ত শুল্কায়ন সম্বন্ধনের পর যদি গৃহীত সিদ্ধান্ত শুল্ক বিভাগের পক্ষে যায়, তবে অবিলম্বে ব্যাংক গ্যারান্টি নগদায়নের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। যদি সিদ্ধান্ত আমদানীকারকের পক্ষে যায়, তবে অযথা কালক্ষেপন না করে অন্তিবিলম্বে ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদান করতে হবে।
- (চ) যদি আদালতের নির্দেশ মোতাবেক ব্যাংক গ্যারান্টি গৃহীত হয়ে থাকে, তবে দ্রুত মামলাটির নিষ্পত্তির জন্য বিজ্ঞ এটনো জেনারেল এর দপ্তর এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর সলিসিটর উইং এর সঙ্গে নিয়মিত যোগাযোগের মাধ্যমে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- (ছ) শর্তযুক্ত এবং মেয়াদী ব্যাংক গ্যারান্টির ক্ষেত্রে উক্ত গ্যারান্টির সময়সীমা উত্তীর্ণ হওয়ার পূর্বেই উহা নবায়নের জন্য ইস্যুকারী ব্যাংককে পত্র দিতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যথাসময়ে উক্ত পত্র প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।
- (জ) এখন থেকে সকল কাস্টম হাউস/কমিশনারেট ব্যাংক গ্যারান্টির নিষ্পত্তিকরণ বিষয়ক তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক প্রতি তিন মাস অন্তর জাতীয় রাজস্ব বোর্ড প্রেরণ করবেনঃ

‘ছক’

জানুয়ারী-মার্চ, ২০০২

শুরুতে অনিষ্পন্ন ব্যাংক গ্যারান্টি সংখ্যা		শুরুতে আটকে পড়া রাজস্ব		উক্ত সময়ে ব্যাংক গ্যারান্টির নিষ্পত্তির সংখ্যা	
আদালত	অন্যান্য	আদালত	অন্যান্য	আদালত	অন্যান্য

আদায়কৃত রাজস্ব		বর্তমানে অনিস্পন্ন ব্যাংক গ্যারান্টির সংখ্যা		বর্তমানে আটক থাকা রাজস্ব	
আদালত	অন্যান্য	আদাল ত	অন্যান্য	আদালত	অন্যান্য

০৮। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মন্ত্রীর মান্নান)

সদস্য (শুল্ক)